



(https://www.banglanews24.com)

## বিদ্যুৎ ও জ্বালানি

### ৪১ হাজার মে.টন কয়লা এসেছে বন্দরে, অচিরেই চালু হচ্ছে পায়রা বিদ্যুৎ কেন্দ্র

ডিস্ট্রিক্ট কনসার্নমেন্ট | বাংলানিউজটোয়েন্টিফোর.কম

আপডেট: ১৩৫১ ঘণ্টা, জুন ২৩, ২০২০



পটুয়াখালী: ইন্দোনেশিয়া থেকে ৪১ হাজার মেট্রিক টন কয়লা নিয়ে পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্রে নোঙর করেছে মার্শাল আইল্যান্ডসের পতাকাবাহী জাহাজ এমভি আথেনা।

ইউনিটের বিদ্যুৎ কেন্দ্র কয়লা বোঝাই করে ১০ দিন পর কয়লা নিয়ে পায়রা বন্দরে পৌঁছেছে জাহাজটি।

ইউনিটের ফনেটিক

f t (htt  
(http://www.banglanews24.com/)

English (https://www.banglanews24.com/english)

Beta (https://beta.banglanews24.com/)

শুক্রবার (২৩ জুন) দুপুরে গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন পায়রা বন্দরের ট্রাফিক বিভাগের উপপরিচালক আজিজুর রহমান।

বৃহস্পতিবার রাত ৩টায় এমভি আথেনা ৪১ হাজার ২০৭ মেট্রিক টন কয়লা নিয়ে পায়রা বন্দরের ইনার চ্যানেলে অবস্থান করছে।

এ কয়লা খালাস করতে আরও দুই/তিনদিন লাগবে। সে হিসেবে আগামী ২৫ বা ২৬ জুন থেকেই আবার চালু হতে যাচ্ছে দেশের সবচেয়ে বড় বিদ্যুৎকেন্দ্র পায়রা।

তবে প্রথমে চালানো হবে একটি ইউনিট। পরে দ্বিতীয় ইউনিটও উৎপাদনে যাবে বলে জানিয়েছেন, পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্রের তত্ত্বাবধায়ক প্রকৌশলী শাহ আব্দুল হাসিব।

ডলার সংকটে কয়লা আমদানি না হওয়ায় এর আগে গত ২৫ মে বিদ্যুৎকেন্দ্রটির প্রথম ইউনিটের উৎপাদন বন্ধ হয়ে যায়। পরে ৫ জুন বন্ধ হয় দ্বিতীয় ইউনিট।

সে সময় সরকার জানিয়েছিল, দুই সপ্তাহের মধ্যে বিদ্যুৎকেন্দ্রটি ফের চালু হবে। পূর্ণ ক্ষমতায় এটি চালাতে ১১ থেকে ১২ হাজার টন কয়লা লাগে। বিদ্যুৎ কেন্দ্রটি থেকে ১ হাজার ২৪৪ মেগাওয়াট বিদ্যুৎ পাওয়া যায়, যা দেশের গড় উৎপাদনের প্রায় ১০ শতাংশ।

বাংলাদেশ সময়: ১৩৪৬ ঘণ্টা, জুন ২৩, ২০২৩

এসআই

ক্লিক করুন, আরো পড়ুন →

পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র (/topic/পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র)

কয়লা (/topic/কয়লা)

মার্শাল আইল্যান্ডস (/topic/মার্শাল আইল্যান্ডস)

পতাকা (/topic/পতাকা)

জাহাজ এমভি আথেনা (/topic/জাহাজ এমভি আথেনা)

Like

Share

Tweet

ইউটিউব সাবসক্রাইব করুন

YouTube



banglanews24.com

Follow Page

## বিদ্যুৎ ও জ্বালানি এর সর্বশেষ



৪১ হাজার মে.টন কয়লা এসেছে বন্দরে, অচিরেই চালু হচ্ছে পায়রা বিদ্যুৎ কেন্দ্র

(https://www.banglanews24.com/power-fuel/news/bd/1140274.details)



ঈদের ১২ দিন সিএনজি স্টেশন ২৪ ঘণ্টা খোলা  
(https://www.banglanews24.com/power-fuel/news/bd/1140100.details)

বিদ্যুৎ ও জ্বালানি বিভাগের সর্বোচ্চ পঠিত

(https://www.banglanews24.com/category/বিদ্যুৎ ও জ্বালানি/25)

বাংলানিউজটোয়েন্টিফোর.কম'র প্রকাশিত/প্রচারিত কোনো সংবাদ, তথ্য, ছবি, আলোকচিত্র, রেখাচিত্র, ভিডিওচিত্র, অডিও কনটেন্ট কপিরাইট আইনে পূর্বানুমতি ছাড়া ব্যবহার করা যাবে না।